



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-রেজি/প্রশা(টিচিং)/২০২০-২০২১/০১

তারিখ : ১১-০২-২০২১

নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

বিভাগ/ইনস্টিটিউট	পদের নাম	পদের সংখ্যা
১। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	প্রভাষক (স্থায়ী)	৩টি
২। রসায়ন বিভাগ (৩টি অজৈব ও ২টি জৈব)	প্রভাষক (স্থায়ী)	৫টি
৩। গণিত বিভাগ	প্রভাষক (স্থায়ী)	৪টি
৪। উদ্ভিদবিজ্ঞান বিভাগ	প্রভাষক (স্থায়ী)	২টি
৫। মার্কেটিং বিভাগ	প্রভাষক (অস্থায়ী)	২টি
৬। জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ	প্রভাষক (স্থায়ী)	১টি
	প্রভাষক (অস্থায়ী)	২টি
৭। দর্শন বিভাগ	প্রভাষক (অস্থায়ী)	৬টি
৮। সেন্টার অব এক্সসেলেন্স ইন টিচিং এন্ড লার্নিং	প্রভাষক (অস্থায়ী)	১টি

জাতীয় বেতন স্কেলে বেতনক্রম :

প্রভাষক : ২২,০০০-৫৩,০৬০/-

**শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :**

**প্রভাষক :** প্রার্থীর এস.এস.সি. ও এইচ.এস.সি. উভয় ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ১ম বিভাগ ও গ্রেডিং পদ্ধতিতে বিজ্ঞান ও বাণিজ্য শাখায় জিপিএ ৪.২৫(৫.০০ স্কেলে) এবং মানবিক শাখায় জিপিএ ৪.০০(৫.০০ স্কেলে) থাকতে হবে। আবেদনকারীদের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/রসায়ন/গণিত/উদ্ভিদবিজ্ঞান/মার্কেটিং/সেন্টার অব এক্সসেলেন্স ইন টিচিং এন্ড লার্নিং-এর আবেদনকারীদের আইটি বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে), জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ/দর্শন বিষয়ে স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর/সমমান উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৫০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।

**বি.দ্র.:** উদ্ভিদবিজ্ঞান বিভাগে আবেদনকারীদের স্নাতকোত্তর পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে থিসিস থাকতে হবে। এবং সেন্টার অব এক্সসেলেন্স ইন টিচিং এন্ড লার্নিং-এ **Pedagogy** বিষয়ে দক্ষতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

এই বিশ্ববিদ্যালয়ে অস্থায়ীভাবে নিয়োজিত শিক্ষকদের ক্ষেত্রে উপরোক্ত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার শর্ত প্রযোজ্য হবে না।

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ৭(সাত) সেট আবেদনের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি দিতে হবে। দরখাস্তের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সি.ডি.-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সপ্তাহে রবিবার, মঙ্গলবার ও বৃহস্পতিবার সকাল ৮-৩০ থেকে দুপুর ২-০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিজ্ঞপ্তির কপি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট [www.juniv.edu](http://www.juniv.edu) থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। **আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২৫-০২-২০২১**

স্বাক্ষর/-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)